

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

২৮. ছুদা প্রতিনিধি দল (وفد صدراء)

৮ম হিজরীর যুলকা'দাহ মাসে এই প্রতিনিধি দল আগমন করে। হোনায়েন যুদ্ধের পর জি'ইর্রানাহ থেকে মদীনায় ফেরার পথে রাসূল (ছাঃ) কায়েস বিন সা'দ বিন ওবাদাহ-এর নেতৃত্বে ৪০০ সৈন্যের একটি দলকে ইয়ামন সীমান্তবর্তী ছুদা অঞ্চলে প্রেরণ করেন। তখন তাদের নেতা যিয়াদ ইবনুল হারেছ ছুদাঈ রাসূল (ছাঃ)-এর দরবারে হাযির হন এবং অনুরোধ করে বলেন, আপনি সৈন্যদলকে ফিরিয়ে নিন। আমি আমার সম্প্রদায়ের পক্ষ থেকে দায়িত্ব নিচ্ছি'। তখন রাসূল (ছাঃ) সেনাদল ফেরত নিলেন। অতঃপর যিয়াদ ফিরে গিয়ে নিজ কওমকে ইসলামের প্রতি উৎসাহ প্রদান করেন এবং নেতৃস্থানীয় ১৫ জনকে নিয়ে বছরের শেষদিকে দ্বিতীয়বার মদীনায় আসেন। তারা রাসূল (ছাঃ)-এর দরবারে হাযির হয়ে তাঁর নিকটে বায়'আত করে ইসলাম গ্রহণ করেন। অতঃপর ফিরে গিয়ে নিজ সম্প্রদায়ের মধ্যে ইসলামের দাওয়াত ছড়িয়ে দেন। ফলে ১০ম হিজরীতে বিদায় হজ্জের সময় এই সম্প্রদায়ের ১০০ জন লোক রাসূল (ছাঃ)-এর সাথী হন'।[1]

শিক্ষণীয় : (১) দাওয়াতের মাধ্যমে ইসলামের প্রসার ঘটেছে, এটি তার অন্যতম প্রমাণ। (২) খবরে ওয়াহেদ অর্থাৎ একজনের সাক্ষ্য যে গ্রহণযোগ্য, যিয়াদের ঘটনায় তার প্রমাণ রয়েছে।

ফুটনোট

[1]. আর-রাহীক ৪৪৬ পৃঃ; যাদুল মা'আদ ৩/৫৮০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5698

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন